



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫০৩.০৫.০২২৪.১৮.৮

৮ আশ্বিন ১৪৩৩
তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: প্রকল্প/কর্মসূচির ঋণ কার্যক্রমের উপজেলাওয়ারি লাল, হলুদ, সবুজ রঙের ক্যাটাগরিভিত্তিক তালিকা প্রকাশ।
সূত্র: বিআরডিবি'র স্মারক নং ৭৬৬২, তারিখ: ২৬/০৮/২০২৫ খ্রি.

৩০ জুন ২০২৬ ভিত্তিক বিআরডিবি'র বিভিন্ন প্রকল্প/কর্মসূচির আওতায় উপজেলাসমূহকে তাদের পারফরম্যান্স অনুযায়ী মূল্যায়নপূর্বক লাল, হলুদ ও সবুজ রঙের ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। উপজেলায় একটি কর্মসূচির আওতায় মাঠে মোট বকেয়া ঋণের বিপরীতে মেয়াদোত্তীর্ণ খেলাপি ৪০% বা তদূর্ধ্ব হলে ঐ উপজেলা 'লাল' ক্যাটাগরিতে এবং মেয়াদোত্তীর্ণ খেলাপি ১৬-৩৯% হলে 'হলুদ' ক্যাটাগরিতে চিহ্নিত হয়েছে। বাকিদের পারফরম্যান্স তুলনামূলক ভাল থাকায় অর্থাৎ মেয়াদোত্তীর্ণ খেলাপি ১৫% বা তদনিম্ন হওয়ায় অপেক্ষাকৃত নিরাপদ 'সবুজ' ক্যাটাগরিতে রাখা হয়েছে (তালিকা সংযুক্ত)।

০২। বর্ণিত মূল্যায়ন ফলাফলে উপজেলাসমূহে লাল ক্যাটাগরির ব্যাপক প্রাধান্য দেখা যাচ্ছে। সূত্রের স্মারকে ২০২৪-২৫ অর্থবছরে মূল্যায়নকৃত হলুদ ও লাল ক্যাটাগরির উপজেলাসমূহ বিগত এক বছর সময়কালে তাদের পারফরম্যান্স উন্নয়নে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করেনি মর্মে প্রতীয়মান হয়, যা অত্যন্ত দুঃখজনক। বিষয়টি বিআরডিবি'র সার্বিক অগ্রগতির ক্ষেত্রে বড় প্রতিবন্ধকতা হিসেবে বিবেচিত হচ্ছে এবং এটি কোনক্রমেই গ্রহণযোগ্য হতে পারে না।

০৩। এ অবস্থায়, তাঁর জেলাধীন উপজেলাসমূহের লাল ও হলুদ ক্যাটাগরিভুক্ত কর্মসূচিসমূহের কার্যক্রম উন্নয়নে নিম্নরূপ নির্দেশনা প্রতিপালনের জন্য পুনরায় অনুরোধ করা হলো:

- (ক) আগামী ডিসেম্বর ২০২৬ এর মধ্যে লাল ক্যাটাগরির কর্মসূচিসমূহকে হলুদ ক্যাটাগরিতে এবং হলুদ ক্যাটাগরির উপজেলাকে সবুজ ক্যাটাগরিতে উন্নীত করতে হবে;
- (খ) লক্ষ্য অর্জনে জেলা-উপজেলার সকল কর্মকর্তা-কর্মচারীকে সমিতি/সদস্য পর্যায়ে নিবিড় পরিদর্শন দৃশ্যমানভাবে বাড়াতে হবে;
- (গ) খেলাপি ঋণ আদায়ে সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক স্থানীয়ভাবে আদেশ জারি এবং সেই অনুযায়ী সপ্তাহভিত্তিক এ্যাকশন প্ল্যান প্রণয়নপূর্বক ক্র্যাশ প্রোগ্রাম পরিচালনা করতে হবে।

০৪। এখন থেকে বিআরডিবি'র জেলা-উপজেলার কর্মকর্তা-কর্মচারীদের যেকোন ধরনের ব্যক্তিগত পারফরম্যান্স পর্যালোচনা এবং মূল্যায়নের ক্ষেত্রে বর্ণিত তালিকার উন্নয়ন ও অগ্রগতিকে প্রাধান্য দেয়া হবে। সংশ্লিষ্টদের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) মূল্যায়ন/প্রদানের ক্ষেত্রেও এ তালিকা বিবেচনায় নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তি: উপজেলা ক্যাটাগরি জুন ২০২৬.pdf

বিআরডিবি, জেলা দপ্তর, খুলনা	
ডায়েরী নং	২৫৪৫
তারিখ	২৮/৯/২৬
ডিসপাউ	অতি জরুরী/কম্পি
হিসাবর অফিসার/	ক্রম ব্যবস্থা নিঃ
হিসাবরক্ষক	ব্যবস্থা নিঃ
অফিস সহকারী/	আগোচনা কক্ষ
ডাটা এন্ট্রি অপারেটর	পেপার ওজন
হিসাব সহকারী	গুণায়ন কক্ষ
	নথীভুক্ত কক্ষ
	উপসচিব

২২.০৯.২০২৬

২৩-০৯-২০২৬
ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন : +৮৮০২৫৫০১১৭৩১

উপপরিচালক
বিআরডিবি, জেলা (সকল)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫০৩.০৫.০২২৪.১৮.৮/১ (৫)

তারিখ: ৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মপরিচালক/বিভাগীয় যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/বিভাগ।
- ২। প্রকল্প/কর্মসূচি/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
- ৩। উপপরিচালক (সংশ্লিষ্ট), বিআরডিবি, ঢাকা।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৫। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।



২৮-০৯-২০২৬
কল্লোল সরকার
উপপরিচালক (ঋণ)

স্মারক নং- ৪৭.৬২.৪৭০০.০০০.৮৫৪.০৬.০২৬৩.২০. ২১৬

তারিখ: ০১/১০/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, তেরখাদা/বুপসা/ফুলতলা/দিঘলিয়া/কয়রা/পাইকগাছা/ডুমুরিয়া/বাটিয়াঘাটা/দাকোপ উপজেলা, খুলনা। পত্রের নির্দেশনা অনুযায়ী বিআরডিবিভূক্ত সকল প্রকল্প/কর্মসূচির ঋণ কার্যক্রমে যে সকল উপজেলা লাল ক্যাটাগরির কর্মসূচিসমূহকে হলুদ ক্যাটাগরিতে এবং হলুদ ক্যাটাগরির কর্মসূচিসমূহকে সবুজ ক্যাটাগরিতে আগামী ডিসেম্বর ২০২৬ এর মধ্যে উন্নীত করতে হবে। এবিষয়ে উপজেলার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল আগামী ০৮/১০/২০২৬ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০১.১০.২০২৬

মো: কামরুজ্জামান
উপপরিচালক

ফোন: ০২৪৭৭-৭০০১৬৯

E-mail: ddkhulna@brdb.gov.bd

[illegible]